Bodystretch Bangladesh Ltd.

উন্মুক্ত দ্বার নীতিমালা

(Open Door Policy)

উদ্দেশ্য ঃ বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ সর্বদাই আইন ও বায়ারের আচরণবিধির প্রতি সম্মান ও উপযুক্ত মর্যাদা প্রদর্শন করে। পাশাপাশি কারখানার কর্মীদের অধিকারের উপরও সমান সচেতন। ব্যবসায় উৎকর্ষ সাধনের জন্য বায়ার, ব্যবসায়ী অংশীদার ও শ্রমিকদের মধ্যে সৌহার্দ্যপূর্ন ও আন্তরিক সম্পর্ক বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ন। কারন বায়ার, অংশীদার ও শ্রমিক এই তিনটি বিষয় ব্যবসার ক্ষেত্রে ওতোপ্রোতোভাবে জড়িত। তাই **বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ** এর কর্তৃপক্ষ শ্রমিকদের বাক-স্বাধীনতায় অ-প্রতিশোধমূলক বা উন্মুক্ত দ্বার নীতিতে বিশ্বাসী। এই লক্ষ্যে শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য শ্রমিকরা যেন ভয়ভীতি ও দ্বিধা-দ্বন্দ্ব হীনভাবে ম্যানেজমেন্ট এবং বায়ারদের নিকট সকল কথা বলতে পারে, সেজন্য **বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ** এর কর্তৃপক্ষ এই নীতি প্রনয়ন করেছে।

আমাদের উন্মুক্ত দ্বার (Open Door Policy) নীতিমালা নিম্নরূপ ঃ

১) শ্রমিকদের বাক স্বাধীনতায় কোনরুপ হস্তক্ষেপ না করা।

২) শ্রমিকদের অধিকারের উপর সম্মান প্রদর্শন ও গুরুত্বারোপ করা।

৩) শ্রমিকদের মতামতের উপর গুরুত্বারোপ ও সম্মান প্রদর্শন করা।

৪) যে-কোন শ্রমিক যেকোন সমস্যা বা পরামর্শ নিয়ে উর্ধতন কর্তৃপক্ষের সাথে সবসময় আলোচনা করতে পারে।

৫) কারখানায় আগত বায়ার প্রতিনিধি বা অডিটরদের সাথে গঠনমূলক আলোচনা বা পরামর্শ করার জন্য আমরা সবসময় শ্রমিকদের উৎসাহিত করে থাকি।

৬) **বডিস্ট্রেচ বাংলাদেশ লি** এ কর্মরত শ্রমিক কর্মচারীগন যে কোন সময়ে এবং যে কোন প্রয়োজনে কমপ্লায়েন্স/ ওয়েলফেয়ার অফিসারের সাথে দেখা করতে/ কথা বলতে পারবে। কর্তৃপক্ষ কর্মীদেরকে তাদের যে কোন অভিযোগ/ পরামর্শের ব্যাপারে কমপ্লায়েন্স/ ওয়েলফেয়ার অফিসারের সঙ্গে মতবিনিময় করার জন্য উৎসাহ প্রদান করেন।

৭) শ্রমিকদেরকে বায়ার এর আচার-আচরন ও শর্ত সম্পর্কে অবগত করা ও তাদের নিয়মনীতির প্রতি সম্মান প্রদর্শন করা ও তা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করা।

৮) ভয়হীন ও শংকামুক্ত পরিবেশে বায়ারের যে কোন ধরনের প্রশ্নের জবাব দিতে প্ররোচিত ও উৎসাহিত করা।

BODYSTRETCH ★ BANGLADESH LTD. ★

Head Office : Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.
Tel : +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029
Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh
E-mail : bangladesh@bodystretch.com http://www.bodystretch.com

৯) শ্রমিকদের ব্যক্তি স্বাধীনতা ও মত প্রকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা।

১০) কারখানার ব্যবস্থাপনায় শ্রমিকদের অংশগ্রহণ নিশ্চিত করা।

১১) অংশগ্রহণকারী কমিটির মাধ্যমে শ্রমিকদের প্রতিনিধিত্ব উৎসাহিত করা।

১২) বিভিন্ন সামাজিক ও প্রণোদনামূলক কর্মকান্ডের মাধ্যমে মালিক-শ্রমিক সম্পর্ক জোরদার করা।

১৩) নির্ভয়ে নিজের সমস্যা জানানোর জন্য কল্যাণ কর্মকর্তার সাথে প্রতিনিয়ত শ্রমিকরা সাক্ষাত করে থাকে।

১৪) অভিযোগ বাক্সের মাধ্যমেও শ্রমিকগণ তাদের মতামত বা যেকোন অসঙ্গতি তুলে ধরতে পারে।

কর্তৃপক্ষ ইচ্ছে করলে যে কোন সময় এই নীতি পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন করতে পারবেন।

প্রস্তুতকারী	অনুমোদনকারীর নাম ও পদবী	অনুমোদনকারীর স্বাক্ষর
কমপ্লায়েন্স বিভাগ		

BODYSTRETCH ★ BANGLADESH LTD.

Head Office : Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.
Tel : +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029
Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh
E-mail : bangladesh@bodystretch.com http://www.bodystretch.com